

আমাকে মোসলমান হতে বলো না

নিষাদ হায়দার

যদি এ রকম হয়
আমি মোসলমান নই
আমাকে হতে বলো না ॥

কারণ -

আমি খুনি হতে পারবো না
আমি ধর্ষক হতে পারবো না
আমি মিথ্যাবাদী রাজনীতিক হতে পারবো না
আমি ঘৃষখোর প্রশাসক হতে পারবো না
আমি দুর্নীতিবাজ মন্ত্রী আমলা হতে পারবো না
আমি সরকারী কিংবা দলীয় ইমাম হতে পারবো না
আমি কসাই ডাক্তার হতে পারবো না
আমি চোর ইঞ্জিনিয়ার হতে পারবো না
আমি দায়িত্বহীন শিক্ষক হতে পারবো না
আমি মিথ্যাবাদী স্বামী হতে পারবো না
আমি সন্তাসীর পিতা হতে পারবো না
আমি চোরাকারবারী নির্লজ্জ ব্যবসায়ী হতে পারবো না
আমি রাজাকার হতে পারবো না
আমি রাজাকারের সাথে মেয়ের বিয়ে দিতে পারবো না
আমি ঠিকাদার হয়ে গণঅর্থ লুট করতে পারবো না ॥

আমাকে মোসলমান হতে বলো না

ষড়রিপুর তাড়নায় -

পশুত্বের উন্মত্ত বিকাশে ॥

আমি মোসলমান হলে দেশকে ভুলে যাবো
আমি দেশের মানুষকে ভুলে যাবে
আমি দাড়ি টুপি জোকার আড়ালে দানব হবো
আমি উশ্জল উন্মত্ত জনতা হবো
আমি দায়হীন দায়িত্বহীন ভোটের হবো
আমি রাজনীতির পতিতাদের ভোটের খেলায় উৎসব মুখর
হবো

আমি সরকারী কিংবা দলীয় ইমাম মেনে নেবো
আমি শহরের বিখ্যাত দানবদের প্রথম সারিতে নিয়ে নামাজ পড়বো
আমি জনতাকে নির্বোধ ভেবে সারা রাত ধরে মিথ্যে ওয়াজ নসিহত
করবো

আমি সংসার ছেড়ে শ্রমকে অস্বীকার করে তাবলীগি মহান হবো
আমি লুঠের অর্থ দিয়ে বিখ্যাত যাকাতি হবো
আমি ভিপি সম্পত্তি দখল করে মসজিদ বানাবো
আমি কুরবানীর নামে উন্মত্ত পশু হত্যায় সবাইকে হারিয়ে দেবো
আমি ঋণের নামে ব্যাংকের টাকা লুট করে খেলাফীপতি হবো
আমি সরকারী সম্পত্তি দখল করে নেতা হবো
আমি বিদ্যুৎ টেলিফোন বিল আয়কর চুরি করে সাংসদ হবো ॥

আমি মোসলমান হলে -

ইহুদি খৃষ্টানদের দালাল হবো
সাম্রাজ্যবাদের গোলাম হয়ে দেশ বিক্রি করে দেবো
আমার তেল গ্যাসের মালিক হবে মার্কিনী পশুরা
আমার জাতীয় আয় চলে যাবে বিশ্বব্যাংকের দেনায়
আমি দেশকে গালি দিয়ে পাড়ি দেবো মার্কিন মুল্লকে ॥

আমার মোসলমানিত্বে নিজ দেশে উদ্বাস্ত হবে ফিলিস্তিনীরা
আমার মোসলমানিত্বে মার্কিনী পশুরা দাপিয়ে বেড়াবে বিশ্বময়
তাদের পায়ের তলায় পিষ্ট হবে ইরাক
নারী শিশু বৃদ্ধ যুবা
প্রতিদিন কুরবানী হবে মোসলমানিত্বের দেনায়
আমি কিছু বলবো না
আমি কিছু করবো না ॥

কারণ -

আমার সরকার বিশ্ব ইহুদিবাদের বিশ্বস্ত বন্ধু
আমার বিরোধী রাজনীতিক বুশের নির্বাচনে আনন্দিত
আমি মিথ্যাচারের সমাজে দায়বদ্ধ
তাই আমাকে আর মোসলমান হতে বলো না ॥

আমি কুরআনিক মুসলিম হতে চাই -

আল্লাহর রাস্তায় মানুষের খোঁজে, মুমিনের খোঁজে
আমার জন্য - 'আমার আল্লাহুই যথেষ্ট'
এই হোক ব্রত আমার জীবন চলার পথে ॥